দৈনিক ইনকিলাব

তারিখ ..0 6 JAN 1989... ...
পৃষ্ঠা... ... ... 1 কলাম... 6 ... ...

বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন কেন্দ্র

02

# ইসলামী ভার্সিটি স্থানান্তরের সিদ্ধান্ত বাতিলের দাবী

॥ স্টাফ রিপোর্টার ॥

বাংলাদেশ মাদ্রাসা ছাত্র আন্দোলন পরিষদ অবিলম্বে ইসলামী বিশ্ববিদ্যালয় স্থানান্তরের সিদ্ধান্ত বাতিল, ইসলামী বিশ্ববিদ্যালয়কে এফিলিয়েশন ক্ষমতাদান এবং একটি পূর্ণাঙ্গ বিশ্ববিদ্যালয়ে পরিণত করার দাবী জানিয়েছে এবং এসব দাবী আদায়ের লক্ষ্যে গণসংযোগ (আজ), স্মারকলিপি পেশ (৭ জানুয়ারী), মাদ্রাসাসমূহে ছাত্র সমাবেশ (৮

২-এর পৃঃ ৩-এর কঃ দেখুন

## মাদ্রাসা ছাত্র

প্রথম পৃষ্ঠার পর

জানুয়ারী), প্রতিবাদ দিবস (৯ জানুয়ারী), আলেম, অভিভাবক ও শিক্ষক সমাবেশ (১০ জানুয়ারী) ও মাদ্রাসাসমূহে ছাত্র ধর্মঘটের (১১ জানুয়ারী) কর্মসূচী ঘোষণা করেছে। গতকাল ঢাকায় জাতীয় প্রেসক্লাবে আয়োজিত এক সাংবাদিক সম্মেলনে পরিষদের কেন্দ্রীয় আহবায়ক জনাব মোহাম্মদ আবুল কালাম আজ এ দাবী জানান ও কর্মসূচী ঘোষণা করেন। সাংবাদিক সম্মেলনে বলা হয়, দেশের একমাত্র ইসলামী বিশ্ববিদ্যালয় দেশের প্রাণকেন্দ্রে থাকবে—এটাই দেশবাসীর প্রত্যাশা। সরকারই অনেক যুক্তি দেখিয়ে গাজীপুরে ইসলামী বিশ্ববিদ্যালয় স্থাপন করেন। অথচ এখন আবার রাজধানী থেকে বহুদূরে শান্তিডাঙ্গায় এ বিশ্ববিদ্যালয় স্থানান্তরের সিদ্ধান্ত নেয়া হয়েছে। আমাদের মত একটি দরিদ্র দেশে একটি প্রতিষ্ঠিত বিশ্ববিদ্যালয়কে অহেতুক স্থানান্তরের সিদ্ধান্ত নিছক জাতীয় অপচয় ছাড়া আর কিছুই নয়।